

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)  
শিক্ষা মন্ত্রণালয়

Web site : [www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.১১৮.২০.০০৫.১৭-১২১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
১৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

কওমি মাদ্রাসার স্বতন্ত্র বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুল উলুম দেওবন্দের মূলনীতিসমূহকে ভিত্তি ধরে কওমি মাদ্রাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ এবং আরবি) এর সমমান প্রদান করা হলো।

২.০ দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ এবং আরবি) এর সমমান প্রদান করার লক্ষ্যে কওমি মাদ্রাসা বোর্ডসমূহ কর্তৃক গঠিত সনদের মান বাস্তবায়ন কমিটির উপর আস্থাজ্ঞাপনপূর্বক নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

- ২.১ চেয়ারম্যান: আল্লামা আহমদ শফী, সভাপতি,  
বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (পদাধিকার বলে)।
- ২.২ কো-চেয়ারম্যান : সিনিয়র সহ-সভাপতি,  
বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (বেফাক) এর ৫ জন সদস্য  
(পদাধিকার বলে মহাসচিবসহ অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৩ বেফাকুল মাদারিসিল কওমিয়া গওহরডাঙ্গা, গোপালগঞ্জ এর ২ জন সদস্য  
(পদাধিকার বলে সভাপতি ও মহাসচিব অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৪ বেফাকুল মাদারিসিল কওমিয়া গওহরডাঙ্গা, গোপালগঞ্জ এর ২ জন সদস্য  
(পদাধিকার বলে সভাপতি ও মহাসচিব অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৫ আশুমানে ইতেহাদুল মাদারিসিল কওমিয়া, চট্টগ্রাম এর ২ জন সদস্য  
(পদাধিকার বলে সভাপতি ও মহাসচিব অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৬ আয়াদ দ্বীনি এদারা বোর্ড, সিলেট এর ২ জন সদস্য  
(পদাধিকার বলে সভাপতি ও মহাসচিব অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৭ তানজিমুল মাদারিসিল কওমিয়া, উত্তরবঙ্গ এর ২ জন সদস্য  
(পদাধিকার বলে সভাপতি ও মহাসচিব অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৮ জাতীয় দ্বীনি মাদ্রাসা শিক্ষা বোর্ড, বাংলাদেশ এর ২ জন সদস্য  
(পদাধিকার বলে সভাপতি ও মহাসচিব অথবা বোর্ড কর্তৃক মনোনীত)।
- ২.৯ এ ছাঢ়া চেয়ারম্যান ইচ্ছা করলে যে কোন সংখ্যক সদস্যকে কো-অপ্ট করতে পারবেন, তবে এ সংখ্যা ১৫ জনের বেশী হবে না।

৩.০ কমিটির কর্মপরিধি :

- ৩.১ এ কমিটি সনদ বিষয়ক যাবতীয় কার্যক্রমের ক্ষেত্রে সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী বলে বিবেচিত হবে;
- ৩.২ এ কমিটির দ্বারা নিবন্ধিত মাদ্রাসাগুলোর দাওরায়ে হাদিসের সনদ মাস্টার্স (ইসলামিক স্টাডিজ এবং আরবি) এর সমমান বিবেচিত হবে;
- ৩.৩ এ কমিটির অধীনে ও তত্ত্বাবধানে দাওরায়ে হাদিসের পরীক্ষা অনুষ্ঠিত হবে। দাওরায়ে হাদিসের সিলেবাস প্রণয়ন, পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার সময় নির্ধারণ, অভিন্ন প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল ও সনদ তৈরীসহ আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনার জন্য এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে। এ কমিটি শিক্ষা মন্ত্রণালয়কে উক্ত বিষয়সমূহ অবহিত করবে;
- ৩.৪ এ কমিটি দলীয় রাজনীতির উর্ধ্বে থাকবে।

চলমান পাতা-২

পাতা-২

৪.০ জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
 (আবদুস সালার মিয়া)  
 সহকারী সচিব (স.বি.-১)  
 ফোন : ৯৫৭২১৮৫

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়

তেজগাঁও, ঢাকা।

(উপর্যুক্ত প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)

নং- ৩৭.০০.০০০০.১১৮.২০.০০৫.১৭-১২১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
১৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেণ্টনবাগিচা, ঢাকা।
৭. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৯. উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. আল্লামা আহমদ শফী, সভাপতি, বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ।
১১. -----
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. পি.আই.ডি. তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
 (আবদুস সালার মিয়া)  
 সহকারী সচিব (স.বি.-১)